

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৮

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ উপবাস, রুক্ষ ও নীরস জীবন যাপন করা, পানাহার ও পোশাক ইত্যাদি মনোরঞ্জনমূলক বস্তুতে অল্পে তুষ্ট হওয়া এবং প্রবৃত্তির দাসত্ব বর্জন করার মাহাত্ম্য

আরবী

وَعَن عِمْرَانَ بِنِ الحُصَيْنِ رَضِيَ اللهُ عَنهُمَا عَنِ النَّبِيِّ عَلَيْ أَنّه قَالَ خَيْرُكُمْ قَرْنِي ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ قُمُّ الَّذِينَ يَلُونَهُمْ قَالَ عِمْرَانُ : فَمَا أَدْرِي قَالَ النَّبِيُّ عَلَيْ مُرَّتَيْنِ أَو قَلاَثاً ثُمَّ يَلُونَهُمْ قُوْمٌ يَشْهَدُونَ وَلاَ يُسْتَشْهَدُونَ وَيَخُونُونَ وَلاَ يُوْتُونَ وَلاَ يُوفُونَ وَلاَ يُوفُونَ وَلاَ يُوفُونَ وَيَخُونُونَ وَلاَ يُوفُونَ وَلاَ يُوفُونَ وَلاَ يُوفُونَ وَلاَ يُوفُونَ وَلاَ يُوفُونَ وَيَظْهَرُ فِيهِمُ السَّمَنُ مِتَفَقٌ عَلَيْهِ

বাংলা

(৩৪৮) ইমরান ইবনে হুসাইন (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের মধ্যে সর্বোত্তম যুগ হল আমার (সাহাবীদের) যুগ। অতঃপর তৎপরবর্তী (তাবেয়ীদের) যুগ। অতঃপর তৎপরবর্তী (তাবে-তাবেয়ীনদের) যুগ। ইমরান (রাঃ) বলেন, 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর যুগের পর উত্তম যুগ হিসাবে দুই যুগ উল্লেখ করেছেন, না তিন যুগ তা আমার জানা (স্মরণ) নেই। অতঃপর তোমাদের পর এমন এমন কিছু লোকের আবির্ভাব ঘটবে, যারা সাক্ষ্য দেবে অথচ তাদেরকে সাক্ষী মানা হবে না। তারা খেয়ানত করবে এবং তাদের নিকট আমানত রাখা যাবে না। তারা আল্লাহর নামে মানত করবে কিন্তু তা পুরা করবে না। আর তাদের দেহে স্থূলত্ব প্রকাশ পাবে।

ফুটনোট

(বুখারী ২৬৫১, মুসলিম ৬৬৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন